ইত্তেফাক

তারিখ 5/11.80
পৃষ্ঠা 3 কলাম 3

# প্রাইমারী বৃত্তির অঙ্ক প্রশ্নে ভুল

( ইত্তেফাক রিপোর্ট )

'৭ নম্বর প্রশ্নটি ভুল আছে।' প্রশ্নের ভুল বাহির করিয়া কোন পরীক্ষার্থী অঙ্কটির সঠিক উত্তর বাহির করিলে পূর্ণ নম্বর, প্রশ্নের ভুল বাহির না করিয়া আপাতঃ গ্রাহ্য উত্তর বাহির করিলেও পূর্ণ নম্বর। চট্টগ্রাম বিভাগের ১৯৭৯-এর প্রাইমারী বৃত্তি পরীক্ষার অঙ্কের খাতা দেখিবার নির্দেশ-পত্রে পরীক্ষকগণকে উক্ত পরামর্শ দেওয়া হইয়াছে।

প্রশ্নটিতে দুইসন্তান ও মাতার গড় বয়স এবং দুই সন্তান ও পিতার গড় বয়স দিয়া পিতার বয়স বাহির করিতে বলা হইয়াছিল। প্রাইমারী বৃত্তির পরীক্ষামান অনুযায়ী যে নিয়ম অবধি শিশুরা আগাইতে পারে উহাতে পিতার ও মাতার বয়সের ব্যবধান বাহির হয়। অজানা-রাশি নির্ণয়ের আরও জটিল নিয়মে অঙ্কটি কষিলে পিতার বয়স বাহির করা সম্ভবপর।

গড় হইতে পূর্ণাঙ্গ রাশি এবং রাশিদ্বয়ের অন্তরফলের সাধারণ নিয়মে ফল দাঁড়ায় ১৮ বৎসর। জটিল বিশ্লেষণে দাঁড়ায় ৪২ বৎসর। উভয়টিকেই নম্বরদানের উপযুক্ত বলিয়া নির্দেশ দিয়া বিভাগীয় জনশিক্ষা উপ-পরি-চালক দায় সারিয়া দেন।

উল্লেখ্য, সাম্প্রতিককালের বিভিন্ন পরীক্ষার অঙ্কের প্রশ্নে প্রশ্ন ভুল থাকিবার আরও বহু ঘটনা ঘটিয়াছে। জনৈক প্রবীণ শিক্ষক জানান, মনগড়া প্রশ্ন লিখিয়াই প্রশ্নপত্র প্রণেতারা খালাস। তাঁহারা নিজেদের প্রণীত প্রশ্নের অঙ্ক কষিয়া দেখেন না, ইহার আদৌ কোন অর্থ দাঁড়ায় কিনা।

# ১৪ ও ১৫ই জানুয়ারী ঢাকার স্কুলসমূহে ভর্তি পরীক্ষা

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা নগরীর সকল বয়েজ হাই এবং জুনিয়ার হাই স্কুলের ১৯৮০ সনের ছাত্র ভর্তি পরীক্ষা আগামী ১৪ই জানুয়ারী এবং সকল গার্লস হাই ও জুনিয়ার হাই স্কুলের ভর্তি পরীক্ষা আগামী ১৫ই জানুয়ারী অনুষ্ঠিত হইবে।

এ ব্যাপারে সকল অভি-ভাবকে সংশ্লিষ্ট স্কুলের সঙ্গে ভর্তির আবেদনপত্রের ব্যাপারে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান হইয়াছে।

# শেরেবাংলা নগরে নূতন সরকারী বিদ্যালয়

শীঘ্রই শেরেবাংলা নগরে একটি সরকারী জুনিয়র স্কুল (বালক-বালিকা) প্রতিষ্ঠিত হইতে যাইতেছে। ফলে নগরীর মাধ্য-মিক পর্যায়ের অতিরিক্ত পাঁচশত ছাত্র-ছাত্রীর শিক্ষালয় সংস্থান হইবে।

ঢাকা বিভাগীয় জনশিক্ষা উপ-পরিচালকের অফিসসূত্রে জানা যায় যে, শেরেবাংলা নগরে ছাত্র-ছাত্রীদের অতিরিক্ত ভীড়ে স্থানীয় স্কুলগুলিতে শিক্ষা সঙ্কুলান অসম্ভব হইয়া পড়ায় সরকার এই সিদ্ধান্ত লইয়াছেন। বিদ্যালয়টিতে শুরুতে চলতি বছরে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণী থাকিবে। ইতিমধ্যে প্রতিষ্ঠিতব্য স্কুলটির জন্য প্রধানশিক্ষকসহ মোট ১২ জন শিক্ষকের নিয়োগের ব্যাপারে নির্দেশ দেওয়া হইয়াছে।

উল্লেখ্য, নগরীর দশটি থানায় মোট ২০টি বালক ও বালিকা সরকারী স্কুল রহিয়াছে।

১৯০